৩২৫

অমৃতবাজার পত্রিকা

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৬॥০, ডাক মাশুল ১॥০, ষাণ্মাসিক ৩৷০, ডাক মাশুল ৸০, ত্রৈমাসিক ২৷৵০, ডাক মাশুল ।৵০ আনা। অনগ্রিম বার্ষিক ৮॥০, ডাক মাশুল ১॥০ টাকা
বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵০, চতুর্থ ও ততোধিক বার ৵০ আনা। ইংরেজী প্রতি পংক্তি ।০ আনা।

৭ম ভাগ | কলিকাতা—২৬ ভাদ্র বৃহস্পতিবার, সন ১২৮১ সাল। ইং ১০ সেপ্টেম্বর ১৮৭৪ খৃঃ অব্দ। | ৩১ সংখ্যা।

বিজ্ঞাপন।

মালবৈদ্যেরমতে

সর্পাঘাত চিকিৎসা।

তৃতীয় সংস্করণ।

মূল্য ।৴০ আনা, ডাক মাশুল ৴০ আনা।

কলিকাতা অমৃত বাজার পত্রিকা আফিস ও কলেজ ষ্ট্রীট ক্যানিং লাইব্রেরিতে প্রাপ্তব্য।

নগদ মূল্য পাইলে পুস্তক বিক্রেতাদিগকে শত করা ২০ টাকা হারে কমিশন দেওয়া যায়।

অমরনাথ নাটক।

শ্রীকৃষ্ণচন্দ্র রায় প্রণীত। মূল্য ১ এক টাকা, ডাকমাশুল ৵০ আনা। কলিকাতা ষ্টানহোপ প্রেস ও পটলডাঙ্গার সকল পুস্তকালয়ে প্রাপ্তব্য। (মা—শে)

হেম-নলিনী

(বিয়োগান্ত নাটক)

মূল্য ৸০ বার আনা, ডাক মাশুল ৵০ আনা।

ক্যানিং লাইব্রেরী, কলেজ ষ্ট্রীট, শ্রীযোগেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় ও হিন্দু হষ্টেল, শ্রীগুরুদাস চট্টোপাধ্যায়ের নিকট প্রাপ্তব্য। (১)

আমিতো উন্মাদিনী।

নাটক।

মূল্য ।৵০ ছয় আনা। ডাকমাশুল /০ এক আনা অমৃতবাজার পত্রিকা আফিসে, পাবনার অন্তর্গত চাটমোহর হরিপুর শ্রীযুক্ত বাবু হরি নাথ বিশ্বাসের নিকট এবং বোয়ালিয়ায় শ্রীযুক্ত বাবু হরি কুমার রায়ের নিকট প্রাপ্তব্য।

B. M. SIRCAR'S ABROMA AUGUSTUM.

বাধক বেদনার মহৌষধ

প্রায় একবার সেবনেই যন্ত্রণা যায় ও সন্তানোৎপত্তির ব্যাঘাত দূর করে। উক্ত ঔষধ এবং সেবনের নিয়ম ডাক্তার ভুবন মোহন সরকারের নিকট কলিকাতা চোরবাগান মুক্তারাম বাবুর ষ্ট্রিট ৭৭, নং ভবনে পাওয়া যায়। মূল্য ৩॥০।

গৌড়েশ্বরনাটক মূল্য ৸০ আনা ডাকমাশুল /০।

The plot of the work was evidently suggested by the Ramayana. The author seems to have no-ordinary power and poetical images and we meet in it with scenes deeply pathetic. *The Bengalee.*

রমেশ বাবু সাধারণ রীতির ব্যতিক্রমে এই নাটকে একটী ভিন্ন ভাষা ব্যবহার করিয়াছেন। নির্জ্জীব বাঙ্গলার গদ্য আরও নির্জ্জীব, তজ্জন্য রমেশ বাবু নাটকগত পাত্রগণের উত্তেজিত হৃদয়ের ভাব সকল নিয়তই অমিত্রাক্ষর ছন্দে প্রকাশ করিয়াছেন। বাঙ্গলা দুই এক খানি নাটকের স্থানে ২ পাত্রগণের মুখে অমিত্রাক্ষর ছন্দের পদ্য ব্যবহৃত হইয়াছে দেখা যায়, কিন্তু সে সকল নাটককার সকল সময়ে সে নিয়ম রক্ষা করেন নাই। গৌড়েশ্বর নাটকে এই রীতিটী সম্পূর্ণরূপে রক্ষিত হইয়াছে এবং নাটক খানি পাঠ করিয়া তাঁহার কবিত্ব দৃষ্টে আমরা প্রীতি লাভ করিয়াছি।—অমৃত বাজার পত্রিকা প্রভৃতি।

ক্যানিং ও সংস্কৃত লাইব্রেরী এবং অমৃত বাজার পত্রিকা অফীসে প্রাপ্তব্য।

১৯এ আগষ্ট রাত্রে হুগলি হইতে রাণিগঞ্জ আসিতে [illegible] ও [illegible]অণ্ডালের মধ্যে কোন ষ্টেসনে আমার একটী পোর্ট মেণ্টো (চামড়ার বড় বাক্স) চুরি গিয়াছে। তাহাতে অন্যান্য দ্রব্যের সঙ্গে একটী পাঁচ নলি পিস্তুল, ভিন্ন২ নম্বরের দুইখানি পাঁচ টাকা নোটের অর্দ্ধ-ভাগ, একটী জেনিভা টেঁক ঘড়ি ও একটী চামড়ার ছোট ব্যাগ (কুরিয়ার ব্যাগ) দুইটী [illegible]বণের [illegible]রের চাপকান ইত্যাদি দ্রব্য ছিল। কিছু নোট ও টাকাও ছিল। পোর্ট-মেণ্টের রং কাল এবং তাহাতে W. T. Tucker নাম লেখা আছে। কেহ ইহার কোন সন্ধান দিতে পারিলে তাঁহার নিকট বাধিত হইব ও পাঁচ টাকা পুরস্কার দিব।

বাঁকুড়া — শ্রীশিবদাস ভট্টাচার্য্য
২০শে আগষ্ট ১৮৭৪ — বাঁকুড়া

সতী কি কলঙ্কিনী।

নাট্য রাসক।

মূল্য আট আনা, ডাক মাশুল /০ আনা।

আগামী ১৯ শে সেপ্টেম্বর উক্ত পুস্তক গ্রেট ন্যাসনাল থিয়েটারে অভিনীত হইবে। পুস্তক খানি ভাল কি মন্দ হইয়াছে তাহা ক্রেতাগণ ইহাতেই বুঝিতে পারিবেন যে এত নাটক থাকিতে গ্রেট ন্যাসনাল থিয়েটার প্রথম দিনেই উহার অভিনয় করিতেছেন।

উক্ত পুস্তক কলিকাতা রামকান্ত বসুর গলি ৫৭ নং ভবনে প্রাপ্তব্য।

কি ভয়ানক দুর্ভিক্ষ!

নাটক।

এই পুস্তক ঢাকা বাবুর বাজার বাবু কিশোরি লাল রায় চৌধুরি মহাশয়ের বাসায় গ্রন্থকারের নিকট ও এন্, কে, চট্টোপাধ্যায়ের ও পেটটুলি রাখাল দাস বন্দ্যোপাধ্যায়ের দোকানে পাওয়া যাইবে।

পত্তনি দিবার সংশোধিত

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে আমাদিগের স্বত্ব দখলীয় জমিদারী ও তালুকাত, কামরা পুর, নকল্যাপুর প্রভৃতি ঢাকার ব্যবধান পূর্ব্ব ও পূর্ব্ব দক্ষীণস্থিত সমুদয় সম্পত্তি একত্রে কি টুকরা টুকরা পত্তনি দেওয়া অবধারিত হইয়াছে। গ্রহণেচ্ছুক ব্যক্তিগণ স্বয়ং কি প্রতিনিধি দ্বারা আমাদিগের নিম্নস্থ ঢাকার সদর কাছারিতে উপস্থিত হইয়া বাবু রাজ গোবিন্দ সরকার নায়েবের নিকট প্রার্থনা পত্র অর্পণ করিলে গ্রাহ্য হইতে পারিবে। পত্তনি সম্বন্ধীয় নিয়মাবলী নায়েবের নিকট জানিতে পারিবেন ইতি। (১)

১২৮১ সাল ৫ই ভাদ্র
ঢাকা বাবুর বাজার
নিজ হাবেলী
} শ্রীকানাইয়া লাল রায়
শ্রীকিশোরী লাল রায়
শ্রীযশোদা লাল রায়

হানিমানের জীবন ও ওলাউঠার চিকিৎসা

একত্রে মূল্য ॥০ আনা, ডাকমাশুল ৵০ আনা। কলেজ ষ্ট্রীট ক্যানিং লাইব্রারিতে প্রাপ্তব্য।

ড্রাফ্টস্ ম্যানদের প্রতি।

পরিষ্কার ও সচরাচর যেরূপ পাওয়া যায় এরূপ দ্রুত লেখক যিনি সুন্দর রূপে অঙ্ক চালাইতে ও ছাপার অক্ষর লিখিতে পারেন, এবং সামান্য স্কেচ দেখিয়া প্লট করিতে পারেন, এরূপ এক জন লেখকের প্রয়োজন হইয়াছে। মাসিক বেতন ৫০ টাকা, এবং উহা বাড়িয়া ৭০ টাকা পর্যন্ত হইতে পারে। যে তারিখে রঙ্গপুরে কর্ম্মে হাজির হওয়া হইবে সেই তারিখ হইতে বেতন গণনা করা যাইবে। রঙ্গপুরে যাইবার কোন প্রকার পথ খরচাদি দেওয়া যাইবেক না। কর্ম্মার্থীরা আপনাপন প্রশংসা পত্র এবং নকসা টানার নমুনা নিম্ন লিখিত ব্যক্তির নিকট পাঠাইয়া দিবেন ও কর্ম্মে নিযুক্ত হইলে কোন তারিখে হাজির হইতে পারিবেন তাহা লিখিবেন।

বিশেষ উপযুক্ত লোক ভিন্ন অন্য লোকের আবেদন করার আবশ্যক নাই।

জর্জ, আর, ক্লাক।

এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার রঙ্গপুর শাখা রেলওয়ে, রঙ্গপুর, পূর্ব্ববাঙ্গলা

কবিবর ৺ মাইকেল মধুসুদন দত্ত বিরচিত নিম্নলিখিত কাব্য ও নাটক প্রভৃতি স্বত্বের সহিত বন্ধক থাকাতে বন্ধকীপত্রের মর্ম্মানুসারে ঐ সমস্ত পুস্তক ও তাহাদের স্বত্ব আগামী ২৩এ সেপ্টেম্বর বুধবারে মেঃ মেকেঞ্জি লায়েল কোং দ্বারা একস্‌চেঞ্জ হালে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে। যথাঃ—

১, মেঘনাদবধ কাব্য, ২য় ভাগ। ২, মেঘনাদবধ কাব্য এক খণ্ডে সম্পূর্ণ, (এক্ষণে ছাপা নাই)। ৩, তিলোত্তমা সম্ভব কাব্য। ৪, বীরাঙ্গনা কাব্য। ৫, চতুর্দ্দশপদী কবিতাবলী। ৬, ব্রজাঙ্গনা কাব্য, (এক্ষণে ছাপা নাই)। ৭, কৃষ্ণকুমারী নাটক, (এক্ষণে ছাপা নাই)। ৮, পদ্মাবতী নাটক। ৯, শর্ম্মিষ্ঠা নাটক। ১০, বুড়োসালিকের ঘাড়ে রোঁ। ১১, একেই কি বলে সভ্যতা?

এতৎ সম্বন্ধে বিশেষ সমাচার ৭/॥ নং কলিকাতা হেষ্টিংস ষ্ট্রীটে মেং এ, সেণ্ট [illegible] কারুথস উকীলের আপিসে [illegible]

Wanted, [illegible]
one who c[illegible]
plot from [illegible]
per month [illegible]
rupees. P[illegible]
at Rungp[illegible]
ance will [illegible]
of testim[illegible]
undersign[illegible]
when th[illegible]
N[illegible]

ব্রিটিশ গবর্ণমেণ্ট ও এদেশীয়গণ।

এ দেশের শাসন কর্ত্তা ও প্রজাদের মধ্যে ক্রমে মত ভেদ হইতেছে ও কতক মনান্তর হইতেছে। এটি হইবার অনেক কারণ আছে। ফল যে কারণই থাকুক, এটি দেখিয়া কাহারো ক্ষুণ্ণ কি ভীত হওয়ার কারণ নাই। ইংরেজেরা শতাধিক বৎসর এখানে রাজ্য সংস্থাপন করিয়াছেন। এই দীর্ঘ কাল এখানে শান্তি বিরাজ করিতেছে। ইংরাজ রাজ শাসন প্রভাবে এখানে বাণিজ্য ব্যবসায় দিন ২ অপ্রতিহত ভাবে প্রস্ফুটিত হইতেছে, এ সমুদয় ভারতবর্ষের সমাজে ক্রমে জীবন প্রদান করিতেছে। ইংরেজেরা শুদ্ধ সুশাসন এ দেশে প্রচলিত করেন নাই, সে সঙ্গে জ্ঞান চর্চাও প্রচার করিয়াছেন। ভারত ভূমি অত্যন্ত উর্ব্বরা এবং ইংরেজদের এই সমুদায় শুভানুষ্ঠানের ফল অল্প কাল মধ্যে এখানে উৎপন্ন হইয়াছে। আমাদের সমাজ, আমাদের মানসিক বৃত্তি স্পৃহা সমুদায় পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়াছে। ইংরেজেরা এখানে প্রথম আসিয়া যে বাঙ্গালিদিগের উপর আধিপত্য করেন, এক্ষণ আর সে বাঙ্গালি নাই, সুতরাং সে কালের রাজ শাসন প্রণালীও এক্ষণ আমাদের উপযোগী হইতে পারে না। আমরা যদি ইংরেজ শাসন প্রণালীর কোন কোন অংশ পরিবর্ত্তন করিতে বলি তবে সে নিতান্ত প্রয়োজন হইয়াছে বলিয়াই। অনেক অদূরদর্শী ইংরেজেরা এই নিমিত্ত আমাদিগকে কৃতজ্ঞতাশূন্য মনে করেন, কিন্তু তাহারা স্থির চিত্তে বিবেচনা করিয়া দেখিলে দেখিবেন, এ আমাদের দোষ না, তাহারা এ দেশে যে জ্ঞানালোক প্রজ্জ্বলিত করিয়া দিয়াছেন এটি তাহারই ফল। তাহারা আমাদের এই রূপ স্পৃহা প্রভৃতি দেখিয়া বিরক্ত হন কিন্তু আমরা ইংরেজ শাসন সম্বন্ধে যত নির্ভয়ে কথা বলিতে শিখিব ততই চতুর্দ্দিক হইতে তাহাদিগকে সাধুবাদ করিবে। যত দিন প্রজা অজ্ঞ থাকে, নিজের স্বার্থ নিজে না রক্ষা করিতে পারে, তত দিন রাজার অত্যন্ত প্রতাপ থাকে, কিন্তু প্রজারা যত উন্নতাবস্থা হয় তত রাজা এক একটি করিয়া সকল ভার প্রজার হস্তে ইচ্ছায় আর অনিচ্ছায় হউক অর্পণ করেন। আমরা এত দিন ইংরেজদিগের রাজ শাসনে কোন কথা বলি নাই কারণ আমরা বলিতে শিখিয়া ছিলাম না, এক্ষণ আমরা কিছু ২ জ্ঞান লাভ করিয়াছি, সুতরাং আমাদের রাজ্যের কোন ২ অংশে প্রবেশ করিতে স্বভাবতঃ ইচ্ছা হইয়াছে। এটি শুদ্ধ ব্রিটিশ রাজ্যে হইতেছে না। আমরা সর্ব্বত্র ইহার চিহ্ন দেখিতেছি। এটি পৃথিবীর সকল উন্নত রাজ্যে হইয়াছে এবং এটি যেখানে হইয়াছে সেই রাজ্য পরিণামে দৃঢ় ও বলিষ্ঠ হইয়াছে। ফল যদিও এটি নিতান্ত শুভকর তথাচ যখনই প্রজারা কিছু উন্নত হইয়া রাজ্যের ভার নিজ হস্ত গ্রহণ করিতে [illegible] করিয়াছে তখাই রাজা ও রাজ কর্ম্মচারী- [illegible] ইয়াছেন। রাজাদের মনে [illegible] জার উপর [illegible] শ্বর দত্ত। [illegible] নতা স্বী- [illegible] অনেক [illegible] নিবারণ [illegible] ত থা- [illegible] সু- [illegible]

করেন। দেশীয় লোকের মতের বিপরীতে কার্য্য করাতে প্রথম চার্লসের মস্তক ছেদন হয় এবং সময়ের লক্ষণানুসারে কার্য্য করাতে রুসিয়ার বর্ত্তমান সম্রাট ক্রমশঃ প্রিয় হইয়া উঠিতেছেন।

ভারতবর্ষীয়েরা অনেক কারণে ব্রিটিশ শাসন প্রণালীকে নির্দ্দোষ বিবেচনা করেন না। এই শাসন প্রণালীর প্রভাবে আমাদের দেশ ক্রমশঃ নির্ধন হইয়া যাইতেছে। অত্যাচারী মুসলমানদের সময়েও আমাদের উদরান্নের জন্যে দ্বারে ২ ভিক্ষা করিয়া বেড়াইতে হয় নাই। অবশ্য ইংরেজেরা বলিয়া থাকেন যে প্রজারা ব্রিটিশ রাজ্যে পরম সুখে আছে। ইংরেজদের আর যে গুণ থাকুক, তাহারা যে অধিক কর লন না এ কথা তাহারা বলিলে হাসি পায়। কোন্ দিল্লির বাদসাহার রাজকোষে ১৬ কোটি টাকা মজুত ছিল? এখন গবর্ণমেণ্টের তহবিলে এতটা টাকা মজুত। এই টাকাটি কত ব্যয় করিয়া সংগ্রহ করা হইয়াছে তাহা এক বার বিবেচনা করিয়া দেখা যাউক। আমাদের গবর্ণমেণ্টের যাবদিক কর্ম্মচারী বড় বড় কেরানি হইতে গবর্ণর জেনারেল পর্য্যন্ত এবং ক্ষুদ্র সৈন্য হইতে সেনাপতি পর্য্যন্ত একটি মস্ত ধনী দেশ হইতে সংগ্রহ করিয়া আনিতে হয়। ইহার নিমিত্ত যে অতিরিক্ত ব্যয় হয় তাহা মুসলমান রাজাদিগের লাগিত না, সুতরাং এই অতিরিক্ত ব্যয় করিয়া যখন ব্রিটিশ গবর্ণমেণ্ট কোন মুসলমান বাদসাহা যাহা করিতে পারেন নাই অর্থাৎ ১৬ কোটি টাকা মজুত করিয়াছেন তখন মোটা মুটি ইহাই বোধ হইবে যে তাহারা মুসলমান বাদসাহগণ অপেক্ষা অধিক কর লইয়া থাকেন। রাজ্য মাত্রেরই ব্যয়ের বিষয় আলোচনা করিতে গেলে একটি দেখা যাইবে। কর্ম্মচারীগণের বেতনেই অধিকাংশ রাজস্ব ব্যয়িত হয়। স্বাধীন রাজ্যে কর্ম্মচারী সমুদয় দেশীয়গণ, সুতরাং তথাকার রাজারা প্রজার নিকট হইতে যে টাকা লয়েন তাহা আবার সেই বৎসর সমুদায়ই প্রজাগণকে প্রত্যর্পণ করেন, এরূপ অবস্থায় কর ৫০ গুণ হইলেও দেশের অনিষ্ট নাই। আমাদের ইহার ঠিক বিপরীত। আমরা গবর্ণমেণ্টকে যে কর দেই তাহার যৎকিঞ্চিৎ মাত্র ফিরাইয়া পাই, সুতরাং এরূপ ব্যয়ে দেশের শোনিত শুষ্ক করে। আমাদের টাকা যদি ইংলণ্ডে না যাইয়া এদেশে থাকে তবে এক্ষণে আমরা যে কর দিতেছি তাহার দ্বিগুণ দিলেও আমাদের কষ্ট বোধ হইবে না। কিন্তু এই যে বৎসর বৎসর ৫২ কোটি টাকা আমরা দিয়া থাকি ইহার কয় কোটি টাকা আমাদের দেশে থাকে? এই নিমিত্ত আমরা ক্রমশঃ নিঃস্ব হইয়া পড়িতেছি কিন্তু ইহাতে একটু লাভ হইয়াছে। পেটে অন্ন না থাকিলে লোক দিক্ বিদিক্ শূন্য হয় এবং হতাশ হইয়া তাহারা অতি সাহসিক কার্য্য করিতেও পারাঙ্মুখ হয়না। আমাদের পূর্ব্বাপেক্ষা এক্ষণ অনেক সাহস বাড়িয়াছে। আমরা এক্ষণ পদে পদে আমাদের স্বার্থ লইয়া যুদ্ধ করিতেছি। এত দিন আমরা ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যাহা করিতেন তাহাতেই সন্তুষ্ট থাকিতাম, এক্ষণ আমরা গবর্ণর জেনারেলের মতামত লইয়া নির্ভয়ে তর্ক বিতর্ক করিতেছি, এখানে কিছু না হইলে ষ্টেট সেক্রেটারী পর্য্যন্ত আপীল করিতেছি, তিনি আপীল গ্রাহ্য না করিলে পারলিয়ামেণ্টে আন্দোলন করিতে সাহসী হইতেছি। ইহা দেখিয়া আশা করা যাইতে পারে যে আজ হউক কাল হউক আমাদের প্রধান স্বত্ব গুলি আমাদিগকে ক্রমে প্রত্যর্পিত করিতে

গবর্ণমেণ্ট বাধ্য হইবেন। যে রাজপুরুষেরা [illegible] চনা করেন যে কঠোর শাসনে তাহারা প্র[illegible] দিগের প্রগতি নিবারণ করিতে পারিবেন তা[illegible] নিশ্চিতই অপরিণামদর্শী রাজনীতিজ্ঞ।

কর প্রপীড়িত বাঙ্গলা।

বাঙ্গলার ভিতরে যাহাই থাকুক, বাহিরের লোকে জানে যে বঙ্গ দেশ বড় সমৃদ্ধিশালী। এই নিমিত্ত ভারতবর্ষের অন্যান্য বিভাগের লোকে বাঙ্গলাকে ঈর্ষান্বিত নেত্রে দৃষ্টিপাত করিয়া থাকেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট স্থানীয় গবর্ণমেণ্ট সকলের নিকট হইতে বৎসর২ কতক টাকা লইয়া থাকেন। বোম্বাইয়ের এক খানি প্রধান কাগজ এই সম্বন্ধে একটি প্রস্তাব লিখিয়া বলিয়াছেন যে বাঙ্গলা প্রদেশ হইতে প্রধান গবর্ণমেণ্ট যৎ কিঞ্চিৎ মাত্র টাকা লয়েন অতএব উক্ত গবর্ণমেণ্টের কর্ত্তব্য যে বাঙ্গলা দেশ হইতে আরো বেশী টাকা লন। এ রূপ প্রস্তাব যদি অযোধ্যা কি উত্তর পশ্চিম অঞ্চল হইতে আসিত তাহা হইলে কতক শোভা পাইত, কারণ ভারতবর্ষীয় রাজকোষে অর্থ সহায্য সম্বন্ধে উক্ত দেশ বাঙ্গলার নিচেই কিন্তু বোম্বাই হইতে এরূপ প্রস্তাব আইলে হাসি পায়। তিন বৎসর অতীত হইল, নাইট সাহেব তাহার ইণ্ডিয়ান ইকোনমিষ্ট পত্রিকায় এই সম্ব[illegible] একটি প্রস্তাব লেখেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট স্থানীয় গবর্ণমেণ্ট হইতে বৎসর২ কত টাকা লইয়া থাকেন তাহার একটি হিসাব তিনি প্রকাশ করেন। নাইট সাহেবের বাঙ্গলার উপর চির কাল সমান অনুগ্রহ, সুতরাং তিনি যদিও নিরপেক্ষ হইয়া হিসাবটি প্রস্তুত করিবার চেষ্টা পাইয়াছেন, কিন্তু তবু বাঙ্গলার হিসাব করিতে গিয়া উহার উপর অন্যায় করিয়াছেন। নাইট সাহেব এই রূপে প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্টের ১৮৬২ সাল হইতে ৬৯ সাল পর্য্যন্ত ৮ বৎসরের আয় ব্যয় হিসাব দিয়াছেন। বাঙ্গলার হিসাব এই। ৬২ সাল হইতে ৬৯ সাল পর্য্যন্ত বাঙ্গলা হইতে ৩১ কোটি টাকা ভূমির কর আদায় হইয়াছে ও স্থানীয় প্রয়োজনের নিমিত্ত ২৬ কোটি টাকা ব্যয়িত হইয়াছে, সুতরাং আট বৎসরের মধ্যে বাঙ্গলা হইতে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট অন্যায় করিয়া ৫ কোটি টাকা লইয়াছেন। তিনি অযোধ্যার এই রূপ হিসাব দিয়াছেন। ভুমির কর ৯ কোটি ও স্থানীয় ব্যয় ৫ কোটি, উদ্বৃত্ত চারি কোটী ও আট বৎসরে প্রধান গবর্ণমেণ্ট এই টাকাটি লইয়াছেন। উত্তর পশ্চিম প্রদেশের এই কয়েক বৎসরের ভুমির কর কর ৩৩ কোটী, ব্যয় ১৮ কোটী ও উদ্বৃত্ত ১৫ কোটী। বোম্বাইয়ের এই আট বৎসরের ভুমির [illegible] ২৭ কোটী ব্যয় ২৯ কোটী, সুতরাং এই কয়েক বৎসরে বোম্বাই ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকট দুই কোটী টাকা লইয়াছেন। পঞ্জাবের ভুমির কর পনর কোটী, ব্যয় ১৩৷৷ কোটী ও উদ্বৃত্ত ১৷৷ কোটী। মধ্যপ্রদেশে আয় ৪ কোটী, ব্যয় ৫৷৷ কোটী অতএব লোকসান ১৷৷ কোটী। এই সমুদায় হিসাব দিয়া তিনি দেখাইয়াছেন যে এই আট বৎসরে প্রত্যেক মনুষ্যে গড়ে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে এত দিয়াছে, অর্থাৎ বাঙ্গলা ১/১০, পঞ্জাব ৸৵০; অযোধ্যা ৬৷৵; মান্দ্রাজ ৩৸/০; উত্তর পশ্চিম ৫; মধ্য প্রদেশে অনটন, ব্যয় অনটন।

এই হিসাবটিতে স্পষ্ট বুঝা যাইতেছে যে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কিরূপ সুবিচার। এক ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের শাসনাধীনে থাকিয়া কোন দেশ নিজের সমুদায় ব্যয় কুলাইয়া মনুষ্য প্রতি ৭ টাকা প্রধান গবর্ণমেণ্টের মুখে যোগাইতেছে, কেহ বা

আবার সেই গবর্ণমেণ্টের নিকট হইতে নিজের ব্যয় কুলাইতে না পারিয়া টাকা লইতেছে। কিন্তু বাঙ্গলা এক টাকা সাড়ে পাঁচ আনার ঢের বেশী দিয়া থাকে, তাহা ক্রমে দেখাইতেছি। প্রথমতঃ বাঙ্গালার লবণের শুল্ক যত এত আর কোন দেশে না। লবণের শুল্ক ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট স্বয়ং লইয়া থাকেন, কিন্তু নাইট সাহেব এটা ধরেন নাই। যদি ইহার নিরাকরণ করিতে পারা যাইত তাহা হইলে দেখাইয়া দিতাম যে এই আট বৎসরে এই এই বাবদে বাঙ্গলায় কত আয় হইয়াছে। অপর অহিফেণ বাবদে এই আট বৎসরে গবর্ণমেণ্ট বাঙ্গলা হইতে ব্যয় বাদে ৩০ কোটি টাকা লইয়াছেন। এটি সম্পূর্ণ বাঙ্গলার আয়। এই আয়টি ধরিলে গবর্ণমেণ্ট বাঙ্গলা হইতে এই কয়েক বৎসরে অনুন ৩৫ কোটি টাকা লইয়াছেন। ইহার পরে লবণের শুল্ক ধরিতে হইবে, কিন্তু তাহা বাদ দিলেও নাইট সাহেব যে নিয়মে হিসাব দিয়াছেন তাহাতে এই রূপ দাঁড়াইতেছে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে প্রতি মনুষ্য বাঙ্গলায় ৯৴১০ অযোধ্যায় ৬।৵ ইত্যাদি প্রদান করিয়াছে, সুতরাং বাঙ্গলার উপর সর্ব্বাপেক্ষা অত্যাচার হয়। ইহা সত্বেও যাহারা বাঙ্গলাকে অপেক্ষাকৃত কম কর প্রপীড়িত বলেন তাহারা প্রকৃত হিংসুক। যে যাহাহউক কেবল বোম্বাই ও মধ্য প্রদেশ ব্যতীত আর সকল স্থানীয় গবর্ণমেণ্টই নিজ প্রয়োজনীয় প্রায় সমুদয় ব্যয় কুলাইয়া ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে কিছু২ দিয়া থাকেন, সেখানে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট উঠিয়া গেলেই ত আমাদের নিজের সে গুলি থাকে?

মিয়ার্স সম্বন্ধে ইংলিশম্যান যে ধুয়া ধরিয়াছেন তাহা এখনো পর্য্যন্ত ছাড়েন নাই। এই সুযোগে অনেক ক-অক্ষর-গোমাংস সাহেব ইংলিশম্যানে লিখিয়া হাত পাকাইয়া লইলেন। ইহাদিগের লেখা দেখিলে দুঃখও হয় হাসিও পায়। বেচারিরা কখনো খুন হইয়া মরিতে যায়, কখন চাটি বাটি উঠাইয়া এ দেশ পরিত্যাগ করিতে উদ্যত হয়, আবার কখন ২ বাঙ্গালিদের প্রতি এরূপ সমুদায় মিষ্ট বাক্য প্রয়োগ করেন যে তদ্দারা তাহাদের সদ্বংশের বিলক্ষণ পরিচয় পাওয়া যায়। কিন্তু বাঙ্গালিদের অপরাধ কি? মিয়ার্সকে ম্যাজিষ্ট্রেট [illegible] দিলেন এবং হাইকোর্টের জজেরা মাজিষ্ট্রেটের রায় হাল রাখিলেন, ইহাতে বাঙ্গালিরা গালি খায় কেন? তবে এ গালিতে আমাদের রাগ করা কর্ত্তব্য না, কারণ সত্য ও জয় আমাদের দিকে। আরো একটু কারণ আছে। মিয়ার্সের পক্ষ হইয়া যে সকল লোক আমাদিগকে গালি দিতেছেন তাহারা প্রকৃত বড় মনোবেদনা পাইয়াছেন, এবং ব্যথিত হৃদয়ের দুটা পাঁচটা প্রলাপ বাক্য সহজ জ্ঞান বিশিষ্ট লোক অনায়াসে সহ্য করিতে পারেন। বিশেষ সুখের বিষয় যে সাহেব মহালে দুটি দল হইয়াছে। উচ্চ শ্রেণীর ইংরেজেরা মিয়ার্সের জন্যে কিছু মাত্র দুঃখিত নন, এবং যাহারা মিয়ার্সের পক্ষ অবলম্বন করিয়াছেন তাহারা প্রায় নীলকর কি তাহাদের ন্যায় ইতর শ্রেণীর ইংরেজ। তবে জন কতক বারিষ্টার ও আটর্ণি মিয়ার্স সংক্রান্ত আবেদনে স্বাক্ষর করিয়াছেন কিন্তু তাহারা কেহ নীলকরদিগের মকর্দ্দমা করেন বলিয়া ও কেহ ২ খাতিরে ইহাদের সহিত যোগ দিয়াছেন। এরূপ জনরব উঠিয়াছে যে টেম্পল সাহেব হাইকোর্টের জজদিগকে বলেন যে, মিয়ার্সের পক্ষে এখন যদি কেহ [illegible] সাক্ষ্য দেয় [illegible] তাঁহারা গ্রহণ করিয়া মি-

হাতে সম্মত হন নাই। যশোরের মাজিষ্ট্রেটও এই নিমিত্ত কলিকাতায় আসিয়া ছিলেন। তাঁহার সহিত টেম্পল সাহেবের কি কথা বার্ত্তা হইয়াছে তাহা আমরা জানিতে পাই নাই। মিয়ার্সকে জেলে গিয়া বিশেষ কোন কঠিন কাজ করিতে হয় নাই। তাহাকে কিছু দিন থলিয়া বুনিতে হয় এবং কোটহ্যাট ছাড়িয়া কয়েদীর কোর্ত্তা পরিতে হয়। ফল জেলে গিয়া যে তাহার পীড়া হইবে তাহা এক রূপ পূর্ব্বেই সাব্যস্ত করা হয়, সুতরাং তিনি পীড়িত হইয়া (অর্থাৎ সাহেবদের যে রূপ পীড়া হইয় থাকে) যে আপাতত হস্পিটালে আছেন ইহাতে আমরা আশ্চর্য্যান্বিত হই নাই।

গত শুক্রবারে মহাসমারোহের সহিত নেটিব হস্পিটাল খোলা হয়। এটি আমাদের দেশীয়দিগের কীর্ত্তি। অবশ্য কয়েক জন ইংরেজ মহোদয় যোগ না দিলে যথা ডাক্তার ম্যাকনামারা ইত্যাদি এই কার্য্যটি সুসিদ্ধ হওয়া কঠিন হইত, কিন্তু ইংরেজদিগের মধ্যে জন কতক ব্যতীত আর কেহই ইহাতে কোন রূপ সাহায্য প্রদান করেন নাই। আমাদিগের দেশীয়গণের বদান্যতায় এই সদনুষ্ঠানটি সুসম্পন্ন হইল। মহারাণী স্বর্ণময়, রাজা যতীন্দ্র মোহন ঠাকুর, রায় রাজেন্দ্র মল্লিক বাহাদুর প্রভৃতি দানশীল ব্যক্তি যথেষ্ট অর্থ সাহায্য করিয়াছেন এবং হাস্পিটালে তাঁহাদের নামে এক একটি ওয়ার্ড স্থাপিত হইয়াছে। লর্ডমেয়োর স্মরণার্থ যে চাঁদা সংগৃহীত হয় তাহা হইতে ৫০ হাজার টাকা হস্পিটালের জন্যে প্রদত্ত হইয়াছে এবং এই নিমিত্ত নেটিব হস্পিটালের পূর্ব্বে "মেয়ো" শব্দটি রক্ষিত হইয়াছে অর্থাৎ "নেটিব হস্পিটাল" "মেয়ো নেটিব হাস্পিটাল" নামে অভিহিত হইল। দেশীয় পীড়িত ব্যক্তিদিগের নিমিত্তই এই হস্পিটালটী হইল এবং ইহা দ্বারা যে কত উপকার হইবে তাহা একটু চিন্তা করিলেই অনুভব করা যায়। হস্পিটাল খুলিবার সময় অনেক সম্ভ্রান্ত ইংরেজ ও বাঙ্গালী উপস্থিত ছিলেন। লর্ড নর্থব্রুক একটি সুন্দর বক্তৃতা করেন এবং যে সকল মহোদয়গণ এই সৎকার্য্যের নিমিত্ত চাঁদা প্রদান করেন তাঁহাদের বিস্তর সুখ্যাতি করেন। রাজা [illegible] ঠাকুর লর্ড নর্থব্রুককে ধন্যবাদ প্রদান করিয়া বলেন যে, লোকের মনে বিশ্বাস "লর্ড নর্থব্রুক গরিবের মা বাপ।"

দুর্ভিক্ষের হাঙ্গামা না মিটিতেই আর এক ঘোর বিপদ উপস্থিত—বন্যা। উত্তর পশ্চিম অঞ্চলে গঙ্গার জল এরূপ বৃদ্ধি হইয়াছে যে তথাকার শস্য ক্ষেত্র সমুদায় ডুবিয়া সমুদ্রবৎ হইয়া দাঁড়াইয়াছে। দিন দিন জল বৃদ্ধি হইতেছে। এই জল ক্রমে বাঙ্গলায় আসিয়া পড়িতেছে। পদ্মা এরূপ স্ফীত হইয়াছে যে গোয়ালন্দ প্রায় ডুব ডুব হইয়াছে এবং পাবনার অনেক স্থানে জল মগ্ন হইয়া বিস্তর শস্য নষ্ট করিয়াছে। টাঙ্গেল প্রভৃতি স্থানেরও এই রূপ অবস্থা। ক্রমে বাঙ্গলার সর্ব্বত্র জল ছড়াইয়া পড়িবে এবং গঙ্গার জল যদি বৃদ্ধি হইতে থাকে তাহা হইলে সম্ভবতঃ আর এক মাসের মধ্যে দেশ ব্যাপিয়া একটি প্রকাণ্ড বন্যা উপস্থিত হইবে। ধান্যের পত্রে বন্যা জল লাগিলে উহা নষ্ট হইয়া যায়। এবার যে আমাদের অদৃষ্টে কি আছে তাহা বলা যায় না।

নাট্য রাসক প্রাপ্ত হইয়াছি। আগামী ১৯এ সেপ্টেম্বর এ খানি গ্রেট নাসন্যাল থিয়েটারে অভিনীত হইবে। ইহাতে যে কয়েকটী সংগীত সন্নিবেশীত হইয়াছে তাহা পাঠ করিয়া আমরা প্রীতি লাভ করিলাম।

যশোরের মিয়ার্স সাহেবের মোকদ্দমার ন্যায় কলিকাতায় একটি মোকদ্দমা হইয়াছে, যদিও তাহার ফল অন্য রূপ হইয়াছে। কারণ স্মিথ সাহেবের ন্যায় মাজিষ্ট্রেট সর্ব্বত্র পাওয়া যায় না। ষ্ট্যানফোর্ড নামক এক জন সাহেবের সহিস উক্ত সাহেবের নামে পুলিশে এই নালিশ করে। একদিন বেলা বারটার সময় প্রতিবাদী সাহেব তাঁহার আস্তাবলে যাইয়া দেখেন যে তাঁহার এক জন সহিস ঘুমাইয়া রহিয়াছে। তিনি এক খানি কাপড় দিয়া সহিসের গলা বাঁধিয়া তাহাকে বেত্রাঘাত করিতে থাকেন। বাদী ইহাই নিবারণ করিতে যাইয়া সাহেবের হস্ত হইতে বেত কাড়িয়া লইয়া অন্য একটী আস্তাবলে দৌড়িয়া যায় সেখানে ডেক্রিজ নামক এক জন পুলিশ কনষ্টেবল তাহাকে ধরিয়া প্রতিবাদীর আস্তাবলে [illegible]ইয়া আইসে এবং আস্তাবলের দুয়ার সকল ব[illegible] করিয়া দেয়। প্রতিবাদীর দুই জন চাকর বাদি[illegible] হাত ধরিয়া রাখে এবং প্রতিবাদী পুলিশ ক[illegible]ষ্টেবলের সমক্ষে বাদীকে মারিতে থাকেন। এ[illegible] জন পাহারাওয়ালা এই সাক্ষ্য দেয় যে সে প[illegible]হারায় ছিল, এমন সময় গোলমাল শুনিয়া [illegible]হেবের আস্তাবলের দিকে যায় এবং অবরুদ্ধ দ্বারের উপর দিয়া দেখে যে সাহেব বাদীকে মারিতেছেন এবং উক্ত সাহেব কনষ্টেবাল নিস্তব্ধে দাঁড়াইয়া আছেন। আস্তাবলের দ্বার বড উচ্চ নহে। পাহারাওয়ালা ইহাই দেখিয়া বাহির হইতে দুয়ার খুলিয়া আস্তাবলেরর মধ্যে প্রবেশ করে এবং প্রতিবাদীকে বারণ করিতে যায়। কিন্তু ডেক্রিজ কনষ্টেবল তাহাকে তাড়াইয়া দেয়। সে সাহেব কনষ্টেবলকে ভৎসনা করিয়া বলে যে তাঁহার সাক্ষাতে এই মারিপীট হইতেছে অথচ সে তাহাতে আপত্তি করিতেছ না। আর এক জন সহিস যে সম্প্রতি প্রতিবাদীর কর্ম্ম করিত সেও বাদীর এজাহারের পোষকতা করে। কনষ্টেবেল ডেক্রিজ সাফাই সাক্ষী। সে বলে যে সে [illegible] প্রতিবাদী তাহাকে ডাকিয়া প্রতিবাদীর নিকটবর্ত্তী আস্তাবলে যে সহিস (বাদী) বসিয়াছি[illegible] তাহাকে তাহার জিম্মায় রাখিতে বলেন। কনষ্টে[illegible]বল সহিসকে পাকড়া করিয়া প্রতিবাদীর আস্তাব[illegible]লে লইয়া যায় এবং প্রতিবাদীর নিকট সক[illegible] বৃত্তান্ত অবগত হইয়া তাহাকে থানায় লই[illegible] আইসে। সে আস্তাবলের [illegible]

মারিতেও দে[illegible]

ইয়া যায় [illegible]

চিহ্ন দেখে[illegible]

ক্ষ্য দেয় [illegible]

কে যেন [illegible]

দেখে বে[illegible]

তাহারা [illegible]

কে চ্যা[illegible]

বাদী যাহ[illegible]

পুলিষ [illegible]

প্রমাণ [illegible]

করিয়াছেন।

It is very ungenerous of the East Indian Railway Company to withdraw from Babu Nilcomal Mittra his Pass, and snatch from his hands the contract of the Native Refreshment Rooms, because of his having taken under the Bengal Government a transport contract in Behar, in which they think he has made large profits. We fail to see what connection the one has with the other, though to our knowledge the Babu has lost money considerably in his transport contract instead of making any profit by it. That is just what we predicted sometime ago. He was the only *black* sheep in the flock; that is, all the contractors for transporting Government grain were Europeans and Babu Nilcomal was the only native who had the "audacity" to compete with them, and such has been the turn of fortune that one and all the Europeans have made their fortunes whereas the Babu has lost *his* in the transaction. But supposing Babu Nilcomul has made large profits in his transport contract, what has that to do with the Railway Company? Why should they be jealous of his profits? We are assured by a reliable authority that the Railway officials did find fault with the Babu for making too frequent use of his Pass and visiting his refreshment rooms oftener than he would have done had he not taken the transport contract and that the Railway Company have lost the fare of his extra travellings. But they should have remembered that Babu Nilcomul has contributed a portion to the enormous profits the Railway Company earned during the famine operation by importing his cattle mostly by Rail which would not have been had he not taken the transport contract at all. So in the long run the Railway Company should feel thankful to the Babu, instead of finding fault with him, and we consider it very ungenerous on the part of the Railway Company to withhold from the Babu their Pass soon after he commenced operations.

One of the reasons for taking away the refreshment rooms from the Baboo's hands has been assigned—his want of supervision. On the one hand he is blamed for visiting his refreshment establishments *too often* and on the other hand he is taxed and punished for not looking after them.

We cannot however forbear remarking that both the E. I. R. Company and the Native Travelling Public cannot be too sufficiently grateful to Babu Nilcomal for the comforts and the conveniences which his *Mittraloyes* along the line from Calcutta to Delhi had afforded, especially to such passengers who travelled along the line with their families. Fancy a Hindoo and that of the *orthodox* type, could, without breaking his journey, feast on the common luxuries of a substantial meal at the moderate charge of only four anas. We know the Babu has suffered heavy losses in the first instance and we consider it rather unfair to snatch away from his hand the business, which after infinite trouble and much expence, he had succeeded in making the *Mitralayas* paying.

We believe our readers have not forgotten Mr. Livein and his case. The Lieutenant Governor of Bengal by an order dated the 12th Aug. 1874 appointed Mr. Molony, Commissioner of Rajshye, Mr. Lowis, Judge of Bhaugulpore and Mr. Cornell, Judge of Bancoora as Commissioners to make a formal and public enquiry into the charges brought against Arthur Levien, late Civil and Sessions Judge of Rungpore, under section 3 of Act. 37 of 1850. The Commissioners managed to reach Rungpore on the 31st Aug, of course after giving due notice to Mr. Livein beforehand. The case is *subjudice* and we have no mind to prejudge it. We shall therefore steer clear of contempt of Court and give a ... and unvarnished narrative of the doings
...ners. These gentlemen after
...Circuit House where
...tchery previously, at
...r. Lingham assisted
...ted by the Bengal
...secution. Mr. E
...assisted by Mr.
...tant Magistrate
...nce. Mr. S. N.
...vernment with
...ow or other he
...p. He had to
... by borrowing
... merchant and
...But to return to
...ng the pleaders
...art, were told to
... by the Commis-
... Counsel for the
... thus emptied
... anything of the
...se and read out
... Lievein formed by charges. They are twenty in number. The Counsel for prosecution then began with a short history of the career of Mr. Livein as a Civil Servant in India, noting at the same time that he passed the necessary tests for the Hindoostanee and Bengale dialects. He was first appointed in the Paunjub, then at Shaharun, Mymenshing, Furridpore, Dacca and then at last at Runpore as Civil and Sessions Judge of the 2nd grade. He then went to England on furlough and came back in 1870. He was then posted at Dacca whence he was reappointed as Civil and Sessions Judge of Rungpore. From these the Counsel shewed that Mr. Livein was Judge for 6 years and ten years in Bengalee speaking districts. Mr. Lingham said that he never meant to be harsh or hard with Mr. Livein for he was genial and affable to every one there and no one has any personal ill-feeling towards him, but it was a part of his duty to shew the numerous faults of official character which resulted in the gross violation of duties required by his office and position. Then he said how and when this case came into existence and eloquently and ably ended his address by dilating upon the duties and responsibilities of a Civil and Sessions Judge. He said that it was urgently and indispensably necessary for a Judge who did not understand Bengallee to see that the plaint in original cases, the decisions of the Lower Courts and depositions of witnesses in apeal cases &c. were regularly translated and correctly too by the translator of the Court. But unfortunately though a translator was attached to his Court no translation was duly made, except in few cases, of the records of the numerous cases that came before him. For further particulars our readers must wait till next week.

The deposition of Babu Dayal Sing has been taken. It occupied four complete days. Depositions of Babus Bramho Naryan Dutt, Kali Dass Moitra, Mohesh Chandra Sircar, Peari Lall Roy (the last three are pleaders) and Babu Lalit Mohun Chaudry, the translator, have been taken. The Sheristadar, Babu Wooma Churn Sen is perhaps by the order of the Bengal Government to be tried in the Magistrate's Court. He was arrested by a warrant from the Magistrate but has been released on a bail of 4000 Rs. The translator Lalit Babu has been degraded and ordered to revert to his former appointment, the second clearkship of Bogra Magistracy. Three other gentlemen alleged to have been appointed at the recommendation of Wooma churn Babu have been dismissed. You see that a grand *serad* is going on at Rungpore.

NATIVE PROSPECTS—We have received the following letter:—

Please accept my best and sincere thanks for your editorial in the last issue, on the brilliant success, achieved in the management of traffic on the Nalhatie, Azimgunge and Calcutta to Mutlah State Railways by Babu Ramgutty Mookerjea but I am very sorry to find you have been mistaken in thinking that he has paved the way for others, as to entitle them to obtain such enviable posts as the one Babu Ramgutty holds. Babu Ramgutty had to look up to Mr. J. E. Wilson, the projector of Branch Railways in India for all his success. It was he, who picked up Babu Ramgutty from his office desk, and entrusted him with the management of traffic in a portion of Oude and Rahilkhund Railway line, and finding him equal to the task, offered him the entire charge of the Nulhattie Branch Railway. Subsequently before the Nulhatee line was sold to Govt. he was transferred there, and the manager of the State Railways finding him competent, allowed him to continue in the service; having thus been encouraged, Babu Ramgutty had fields to display his perseverence, energy and diligence. Had he continued his service in the E. I. Railway from where he gained all his experience in Railway management, he would have passed his days as a mere *Karenee* to this day.

